১৭

দৈনিক ইত্তেফাক

তারিখ 07 DEC 1997
পৃষ্ঠা ৪ কলাম ৬

পুরা, ঢাকা।

# শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি হ্রাস করা প্রয়োজন

বাংলাদেশে বিভিন্ন ধরনের সরকারী ছুটি প্রচলিত রহিয়াছে। রমজান মাসের ৩০ দিনসহ এস, এস, সি ও এইচ, এস, সি পরীক্ষা চলাকালে প্রায় এক মাস, নানান দিবস ও সাপ্তাহিক ছুটি হিসাব করিলে শিক্ষা প্রতিষ্ঠানগুলি বৎসরের প্রায় অর্ধেক সময়ই বন্ধ থাকে। তাহার উপর রাজনৈতিক অস্থিরতার জন্য প্রায়শই ২/১ দিন অফিস ও স্কুল-কলেজগুলি অচল হইয়া পড়ে। ১২ মাসের মধ্যে ৬ মাস ঠিকমত লেখাপড়া না হওয়ায় ছাত্র-ছাত্রীগণ পরীক্ষায় অসদুপায় অবলম্বন করিতে বাধ্য হয়। আবার সরকারী ছুটির বাড়াবাড়ির কারণে দাপ্তরিক বিভিন্ন কাজে জটিলতা সৃষ্টি হইতেছে। আমাদের দেশের মত বিবিধ ছুটি উন্নত কোন দেশে প্রচলিত আছে বলিয়া শুনি নাই। বিশেষ করিয়া শিক্ষা প্রতিষ্ঠানে এত বেশি ছুটি থাকিলে তাহা দেশ ও জাতির জন্য মঙ্গলজনক নহে। আর তাই সরকারী ছুটি যথাসম্ভব হ্রাস করা প্রয়োজন। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মোঃ আনোয়ার হোসেন সরকার আনা, গ্রাম : শাহাবুদ্দি, ডাকঃ মজিদপুর, দাউদকান্দি, কুমিল্লা।